



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

আগামী শিক্ষাবর্ষ থেকে অষ্টম শ্রেণী
থেকেই বিনামূল্যে সাইকেল পাবে
বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা, জানালেন
মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



ভাস্কর সেহানবিশ, এই যুগ, হাওড়া, ২৯ সেপ্টেম্বর : আগামী শিক্ষাবর্ষ থেকে নবম শ্রেণীর পরিবর্তে অষ্টম শ্রেণীতে উঠলেই ‘সারথি’ প্রকল্পের অধীনে বিনামূল্যে সাইকেল পাবে সরকারি ও সরকারি সাহায্য প্রাপ্ত বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা। আজ হাওড়াতে বাঁটারা মধুসূদন পাল চৌধুরী উচ্চ বিদ্যালয়ে, একটি সরকারি অনুষ্ঠানে ‘সারথি’ প্রকল্পের সূচনা করে এই ঘোষণা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আজকের এই অনুষ্ঠানে নতুন লোগোযুক্ত সাইকেল পড়ুয়াদের হাতে তুলে দিয়ে তিনি বলেন, “চলতি অর্থবর্ষে রাজ্যের প্রায় ১২ লক্ষ ৫৯ হাজার বিদ্যালয় পড়ুয়াদের সাইকেল দেওয়ার জন্য ৫০৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।” তিনি আরও বলেন, “যে সংস্থা এই কর্মসূচির সাথে যুক্ত হয়ে সাইকেল তৈরি করবে তাদের রাজ্য সরকারের তরফ থেকে জমি সহ অন্যান্য সুযোগ-সুবিধাও দেওয়া হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ‘ভোকাল ফর লোকাল’ নীতিকে পাথেয় করে আগামীতে আমাদের রাজ্যে সাইকেল তৈরির কারখানা তৈরির পরিকল্পনা রয়েছে রাজ্য সরকারের। শুধুমাত্র সাইকেল তৈরি নয় সাইকেলের গুণমান বৃদ্ধির দিকেও জোর দেওয়া হবে।” এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্কুল পড়ুয়াদের সাথে বসে মিড ডে মিলের খাবার ও খান।

রাজ্যের পর্যটনের বিকাশ
নিয়ে মহাগুরুর সাথে বৈঠক
পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কলকাতা, ২৯ সেপ্টেম্বর : পশ্চিমবঙ্গে পর্যটনের বিকাশ ও সম্ভাবনা নিয়ে মঙ্গলবার বিজেপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও চলচ্চিত্রাভিনেতা মহাগুরু মিঠুন চক্রবর্তীর সাথে এক গুরুত্বপূর্ণ বৈঠক করেন রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। পর্যটন মন্ত্রীর দপ্তরে আয়োজিত এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী মনোজ কুমার ওরাও, স্বরাষ্ট্র-পার্বত্য বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের প্রতিমন্ত্রী বিশাল লামা, পর্যটন দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী সহ অন্যান্যরা। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান পশ্চিমবঙ্গের পর্যটনকে কিভাবে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বিশেষ করে উত্তরবঙ্গ ও পাহাড়ী এলাকায় পর্যটনের যে বিশাল সম্ভাবনা রয়েছে তাকে কিভাবে আরও কাজে লাগানো যায়, নতুন নতুন পর্যটন কেন্দ্র গড়ে তুলে কিভাবে বাংলার প্রতি আরও বেশী পর্যটককে আকৃষ্ট করা যায় সেসব বিষয়ে আলোচনা হয়েছে। পর্যটনের উন্নতি হলে শুধু পর্যটকের সম্ভাবনা বাড়বে না, স্থানীয় মানুষদের ও কর্মসংস্থান হবে, আমাদের যুবসমাজের জন্যও নতুন নতুন সুযোগ সৃষ্টি হবে। এলাকার আর্থ সামাজিক ক্ষেত্রেও উন্নয়ন ঘটবে বলেও জানান পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

আলিপুরদুয়ার পুরসভায় ফের প্রশাসক ,সিঙ্গল বেঞ্চের নির্দেশ খারিজ ডিভিশন বেঞ্চের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ সেপ্টেম্বর : দীর্ঘদিন ধরে চলা আলিপুরদুয়ার পুরসভার অচলাবস্থায় আপাতত ইতি। কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ সিঙ্গল বেঞ্চের নির্দেশ খারিজ করে পুরসভায় প্রশাসক হিসেবে মহকুমাস্বাক্ষরিত রিচার্ড লেপচাকে পুনরায় দায়িত্ব নেওয়ার নির্দেশ দিয়েছে। পুরসভার নাগরিক পরিষেবা যাতে ব্যাহত না হয়, তা নিশ্চিত করতেই এই নির্দেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার রাজ্য সরকারের করা আপিলের শুনানিতে এই নির্দেশ দেয় বিচারপতি রাজাশেখর মাস্তা ও বিচারপতি শ্বতব্রত কুমার মিশ্রের ডিভিশন বেঞ্চ। ফলে ফের আলিপুরদুয়ার পুরসভার প্রশাসকের দায়িত্বে ফিরছেন মহকুমাস্বাক্ষরিত রিচার্ড লেপচা। পুরসভায় দীর্ঘদিন ধরেই বোর্ড গঠন নিয়ে অচলাবস্থা তৈরি হয়েছিল। চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান জুন মাসে পদত্যাগ করার পর রাজ্য সরকার তৃণমূল কংগ্রেস পরিচালিত বোর্ড ভেঙে প্রশাসক নিয়োগ করে। রাজ্য সরকারের সেই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে আদালতের দ্বারস্থ হন কংগ্রেস কাউন্সিলর শান্তনু দেবনাথ। তাঁর আবেদনের ভিত্তিতে কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের সিঙ্গল বেঞ্চ রাজ্য সরকারের প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত খারিজ করে দেয়। এরপরই প্রশাসকের পদ থেকে সরে দাঁড়াতে হয় রিচার্ড লেপচাকে। এরপর নতুন পুরবোর্ড গঠনের উদ্যোগ শুরু হয়। সূত্রের খবর, শান্তনু দেবনাথের সঙ্গে কয়েকজন তৃণমূল কাউন্সিলরের নতুন বোর্ড গঠন নিয়ে অনানুষ্ঠানিক সমঝোতাও হয়েছিল। তবে আদালতের নির্ধারিত সময়সীমার মধ্যে নতুন বোর্ড গঠনের জন্য পুরসভার এক্সিকিউটিভ অফিসারের কাছে কোনও আবেদন জমা না পড়ায় সেই উদ্যোগও থমকে যায়। এরপর সিঙ্গল বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চ যায় রাজ্য সরকার। মঙ্গলবার শুনানিতে ডিভিশন বেঞ্চ প্রশাসক অপসারণের নির্দেশ খারিজ করে তাঁকে পুনরায় দায়িত্ব দেওয়ার নির্দেশ দেয়। রাজ্য সরকারের আইনজীবী শুভঙ্কর দত্ত বলেন, “ডিভিশন বেঞ্চ সিঙ্গল বেঞ্চের সেই নির্দেশ পুনর্বিবেচনা করে প্রশাসককে পুনরায় দায়িত্বে বহাল করেছে। আপাতত পুরসভার নাগরিক পরিষেবা স্বাভাবিক রাখার স্বার্থে প্রশাসকই দায়িত্বে থাকবেন।” নতুন পুরবোর্ড কবে গঠিত হবে, তা এখনও স্পষ্ট নয়। আপাতত প্রশাসকের অধীনেই আলিপুরদুয়ার পুরসভার নাগরিক পরিষেবা ও প্রশাসনিক কাজকর্ম চলবে।

উদ্ধার ব্রাউন সুগার ,গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৯ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের স্পেশাল অপারেশন গ্রুপ ও বাগডোগরা থানার পুলিশের একটি দল মঙ্গলবার নির্দিষ্ট সূত্র মারফত খবর পেয়ে বাগডোগরা জংলী বাবার মোড়ের কাছে যৌথ অভিযান চালিয়ে একটি কালো রঙের স্করপিও গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় দুশো বিরামকবই গ্রাম ব্রাউন সুগার, নগদ এক লক্ষ উনচল্লিশ হাজার আটশো টাকা ও তিনটি মোবাইল ফোন। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে গাড়িতে থাকা তিনজনকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতরা হলো মোহাম্মদ এনাসুল(৪১), সাইগম খাতুন (৩৮) দুইনই নকশালবাড়ি এলাকার তোতারামজোতের বাসিন্দা, তারাপদ মন্ডল (৫৫) মালদহ জেলার কালিয়াচকের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে তল্লাশী, উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে পরবর্তী পর্যায়ের পদক্ষেপ গ্রহণ ও তদন্ত প্রক্রিয়া শুরু করেছে পুলিশ।

রাজাভাতখাওয়ার পানিঝোরা এলাকায় বাইসনের হামলা , গুরুতর আহত ও



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ২৯ সেপ্টেম্বর : আলিপুরদুয়ারের রাজাভাতখাওয়া পানিঝোরা এলাকায় বাইসনের হামলায় গুরুতর আহত হলেন তিনজন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। আহতদের দ্রুত উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে হাসপাতালেই তাঁদের চিকিৎসা চলছে। আহতরা হলেন রূপস্মি মিজ (৩৮) মৃদলা রাভা (৩৬) আশই রাভা (৫৫)। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পানিঝোরা এলাকায় হঠাৎ একটি বাইসন চলে আসে। এরপরই তার হামলায় ওই তিনজন গুরুতর আহত হন। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় আতঙ্কের পরিবেশ তৈরি হয়। স্থানীয়দের তৎপরতায় আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। বন্যপ্রাণ লাগোয়া এলাকায় বাইসনের হামলার ঘটনায় স্বাভাবিকভাবেই স্থানীয় বাসিন্দাদের মধ্যে বন্যপ্রাণী নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। ঘটনাটি ঘিরে বন দফতরের পক্ষ থেকেও পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে বলে জানা গিয়েছে।

অবৈধ মদ তৈরির বিরুদ্ধে অভিযানে সাতশো লিটার গঁয়াজানো চাল উদ্ধার করে নষ্ট করলো পুলিশ



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২৯ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা পুলিশের একটি দল গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার সুভাষিনী এলাকায় অবৈধভাবে মদ তৈরির বিরুদ্ধে অভিযান চালিয়ে উদ্ধার করে সাতশো লিটার ফার্মেন্টেড ওয়াশ বা গঁয়াজানো চাল। এই গঁয়াজানো চাল মদ তৈরির অন্যতম প্রধান উপকরণ হিসাবে ব্যবহৃত হয়। উদ্ধার করা এই গঁয়াজানো চাল পুলিশ নষ্ট করে দেয়। অভিযানে কাউকে গ্রেপ্তার করা যায়নি। অবৈধ মদ তৈরি ও বিক্রির কারবার বন্ধ করতে জেলার বিভিন্ন এলাকায় অভিযান চলছে বলে জানিয়েছে আলিপুরদুয়ার জেলা পুলিশ।

হেলিকপ্টারে করে বাঘিনীকে আনা হবে হাসিমারায় বিহার থেকে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ সেপ্টেম্বর : আগামী ২ অক্টোবর বক্রা জঙ্গলে বাঘ ছাড়া হচ্ছে। এবং তার জন্য একটি বিশেষ টিম বিহারের বান্ধীকি জঙ্গলে গিয়েছিল বাঘিনী ধরতে দীর্ঘ সাতদিন থেকে বিশেষ টিম বাঘিনী ধরার চেষ্টা চালাচ্ছে বিহারের বান্ধীকি জঙ্গলে অবশেষে আজ সাফল্য আসে এবং একটি বাঘিনীকে ট্রান্সলোইজ করা হয়েছে বলে জানান বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও এবং সেই বাঘিনী হেলিকপ্টার করে আজ রাতেই বিহার থেকে হাসিমারা বায়ুসেনা ছাউনিতে আনা হচ্ছে আজ সম্ভব না হলে আগামীকাল নিয়ে আসা হবে এবং আগামী ২ অক্টোবরে বক্রা ব্যাঘ্র প্রকল্প জঙ্গলে ছাড়া হবে বাঘিনী। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

নিমতি এলাকায় দুর্ঘটনায় মৃত্যু মেকানিকের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ সেপ্টেম্বর : ভয়াবহ পথদুর্ঘটনা মৃত এক। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার ৩১ নং জাতীয় সড়ক নিমতি এলাকায়। এদিন নিমতি এলাকায় একটি কণ্টেনার লরি বিকল হয়ে যায় এবং ঐ কণ্টেনার লরিকে মেরামত করার হাসিমারা গুরুদুয়ারা থেকে উগ্র নারায়ণ প্রসাদ নামক এক মেকানিক আসে। মেকানিক কণ্টেনারের নিচে প্রবেশ করে মেরামত করছিল ঐ সময় একটি গাড়ি এসে কণ্টেনারের পেছনে সজোরে ধাক্কা দেয় এবং এর ফলে কণ্টেনারের চাকা কণ্টেনার নিচে কন্নরত মেকানিকের উপর উঠে পড়ে এই ঘটনায় মেকানিকের মৃত্যু হয়। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠিয়েছে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

